রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ৯, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ:২৪ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ/০৯ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও.নং ৪৪২-আইন/২০২৫।**—বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা আইন, ২০২৩ (২০২৩ সনের ৬৩ নং আইন) এর ধারা ৪৩, ধারা ১১ এর উপ-ধারা (১) এর দফা (জ) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ চিকিৎসা শিক্ষা কাউন্সিলের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিলের নির্বাহী পরিষদের সদস্য নির্বাচন বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) **"আইন"** অর্থ বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা আইন, ২০২৩ (২০২৩ সনের ৬৩ নং আইন);

(খ) **"কাউন্সিল"** অর্থ আইনের ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল;

(গ) **"নির্বাচন"** অর্থ আইনের ধারা ১১ এর উপ-ধারা (১) এর দফা (জ) এর উদ্দেশ্যপূরণকল্পে কাউন্সিলের নির্বাহী পরিষদের সদস্য নির্বাচন;

(ঘ) **"নির্বাচন বিজ্ঞপ্তি"** অর্থ বিধি ৭ এর অধীন প্রকাশিত নির্বাচন বিজ্ঞপ্তি;

(ঙ) **"নির্বাচন বোর্ড"** অর্থ বিধি ৩ এর অধীন গঠিত নির্বাচন বোর্ড;


মূল্য ঃ টাকা ২০.০০

(চ) **"নির্বাহী পরিষদ"** অর্থ আইনের ধারা ১১ এর অধীন গঠিত কাউন্সিলের নির্বাহী পরিষদ;

(ছ) **"প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী"** অর্থ বিধি ১২ এ উল্লিখিত কোনো প্রার্থী;

(জ) **"প্রার্থী"** অর্থ বিধি ৮ এর উপ-বিধি (১) এ উল্লিখিত কোনো প্রার্থী;

(ঝ) **"ফরম"** অর্থ এই বিধিমালার কোনো ফরম;

(ঞ) **"ব্যালটপত্র"** অর্থ বিধি ১৫ এ উল্লিখিত ব্যালটপত্র;

(ট) **"রেজিস্ট্রার"** অর্থ কাউন্সিলের রেজিস্ট্রার;

(ঠ) **"রিটার্নিং অফিসার"** অর্থ বিধি ৩ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত রিটার্নিং অফিসার;

(ড) **"সদস্য"** অর্থ আইনের ধারা ১১ এর উপ-ধারা (১) এর দফা (জ) এর অধীন কাউন্সিলের নির্বাহী পরিষদের নির্বাচনযোগ্য কোনো সদস্য;

(ঢ) **"হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠান"** অর্থ আইনের ধারা ২ এর দফা (১৫) তে উল্লিখিত হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠান।

(২) এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **নির্বাচন বোর্ড।**—(১) আইনের ধারা ১১ এর উপ-ধারা (২) অনুসারে কাউন্সিলের নির্বাচিত সদস্যগণের মেয়াদ ৩ (তিন) বৎসর শেষ হইবার ৯০ (নব্বই) দিন পূর্বে কাউন্সিলের চেয়ারম্যান সুষ্ঠু নির্বাচনের জন্য ১ (এক) টি নির্বাচন বোর্ড গঠন করিবেন।

(২) নিম্নরূপ সদস্য সমন্বয়ে নির্বাচন বোর্ড গঠিত হইবে, যথা:—

| | | |
|---|---|---|
| (ক) | যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ: | প্রধান নির্বাচন কর্মকর্তা; |
| (খ) | পরিচালক (অল্টারনেটিভ মেডিসিন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর: | নির্বাচন কর্মকর্তা; |
| (গ) | পরীক্ষা নিয়ন্ত্রক, কাউন্সিল: | নির্বাচন কর্মকর্তা; |
| (ঘ) | চেয়ারম্যান কর্তৃক মনোনীত হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠানের ১ (এক) জন শিক্ষকপ্রতিনিধি: | নির্বাচন কর্মকর্তা; |
| (ঙ) | রেজিস্ট্রার, কাউন্সিল: | নির্বাচন কর্মকর্তা। |

(৩) নির্বাচন বোর্ড নিবন্ধিত হোমিওপ্যাথিক চিকিৎসক বা শিক্ষকদের মধ্য হইতে ১ (এক) জন বা কাউন্সিলের ১ (এক) জন কর্মকর্তা বা নির্বাচন বোর্ডের ১ (এক) জন সদস্যকে রিটার্নিং অফিসার হিসাবে এবং নিবন্ধিত হোমিওপ্যাথিক চিকিৎসক বা শিক্ষকদের মধ্য হইতে প্রয়োজনীয় সংখ্যক প্রিজাইডিং অফিসার ও সহকারি প্রিজাইডিং অফিসার হিসাবে নিয়োজিত করিতে পারিবে।

(৪) রেজিস্ট্রার নির্বাচন বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করিবেন।

৪। **নির্বাচন পরিচালনা।**—(১) নির্বাচন বোর্ড নির্বাহী পরিষদের প্রত্যেক প্রশাসনিক বিভাগের অন্তর্গত হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হইতে ১ (এক) জন করিয়া শিক্ষক প্রতিনিধি নির্বাচনের কার্য সম্পাদন করিবে।

(২) নির্বাচন বোর্ড নির্বাচন পরিচালনার নিমিত্ত নিম্নবর্ণিতভাবে নির্বাচনি তফসিল ঘোষণা করিবে, যথা:—

(ক) খসড়া ভোটার তালিকা প্রকাশের তারিখ;

(খ) খসড়া ভোটার তালিকার উপর আপত্তি দাখিলের তারিখ;

(গ) খসড়া ভোটার তালিকায় উত্থাপিত আপত্তি শুনানির তারিখ;

(ঘ) চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের তারিখ;

(ঙ) মনোনয়নপত্র জমা প্রদানের তারিখ;

(চ) মনোনয়নপত্র বাছাই এর তারিখ;

(ছ) প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীর তালিকা প্রকাশের তারিখ;

(জ) প্রার্থিতা গ্রহণ বা বাতিলের বিরুদ্ধে আপিল দায়েরের সর্বশেষ তারিখ;

(ঝ) আপিল শুনানির তারিখ;

(ঞ) মনোনয়নপত্র প্রত্যাহারের তারিখ;

(ট) চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের তারিখ;

(ঠ) ভোট গ্রহণের তারিখ।

(৩) নির্বাচন বোর্ড ভোট গ্রহণের জন্য নির্ধারিত তারিখের অন্যূন ৮০ (আশি) দিন পূর্বে প্রাথমিক খসড়া ভোটার তালিকা প্রকাশ করিবে।

(৪) নির্বাচন বোর্ড নির্বাচনের তারিখের অন্যূন ৬০ (ষাট) দিন পূর্বে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করিবে এবং কাউন্সিলের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে উহা প্রকাশ করিবে।

(৫) ব্যালটপত্রে প্রার্থীর নাম বর্ণমালার ক্রমানুসারে সজ্জিত হইবে এবং উহার সহিত ক্রমিক নম্বর এবং ভোটার নম্বর উল্লেখ থাকিবে।

(৬) নির্বাচনী প্রচারণামূলক কোনো লিফলেট, ব্যানার, ফেস্টুন, চিঠি, ইত্যাদি প্রেরণ করা যাইবে না।

(৭) প্রার্থীগণ সমান সংখ্যক ভোট পাইলে লটারির মাধ্যমে বিজয়ী নির্ধারিত হইবে।

(৮) নির্বাচন বোর্ড নির্বাচন সংক্রান্ত সকল বিষয় কাউন্সিলের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে প্রকাশ করিবে।

(৯) নির্বাচন সংক্রান্ত যে কোনো বিষয়ে নির্বাচন বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৫। **ভোটার, প্রার্থী, ইত্যাদি হইবার যোগ্যতা।**—(১) সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠানের কাউন্সিল কর্তৃক অনুমোদিত শিক্ষক ব্যতীত অন্য কেহ নির্বাচনে ভোট দিতে অথবা প্রার্থী বা প্রস্তাবক বা সমর্থক হইতে পারিবেন না এবং উক্ত শিক্ষক শুধু সংশ্লিষ্ট বিভাগের সদস্য নির্বাচনের জন্য ভোট দিতে এবং প্রার্থী বা প্রস্তাবক বা সমর্থক হইতে পারিবেন।

(২) নির্বাচনে প্রার্থী হইতে হইলে সরকার কর্তৃক অনুমোদিত হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে অন্যূন ৮ (আট) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।

৬। **ভোটার তালিকা প্রণয়ন**।- (১) নির্বাচন বোর্ড প্রতিটি বিভাগের জন্য উক্ত বিভাগে অবস্থিত স্বীকৃতিপ্রাপ্ত হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কর্মরত শিক্ষকগণের ১ (এক) টি করিয়া তালিকা প্রণয়ন করিবে এবং উক্ত তালিকায় ভোটার এর বয়স উল্লেখ করিতে হইবে।

(২) ভোটার তালিকার বিষয়ে কোনো আপত্তি বা অভিযোগ থাকিলে উহা নির্ধারিত তারিখের মধ্যে দাখিলের আহ্বানের বিজ্ঞপ্তিসহ উক্ত তালিকা কাউন্সিলের নোটিশ বোর্ডে প্রদর্শিত হইবে এবং উক্ত বিজ্ঞপ্তি ও তালিকার ১ (এক) টি করিয়া অনুলিপি প্রতিটি হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করিতে হইবে।

(৩) আপত্তি প্রদানের জন্য নির্ধারিত তারিখের মধ্যে যে কোনো শিক্ষক তাহার নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত না হওয়াসহ প্রাসঙ্গিক বিষয়ে লিখিতভাবে এবং স্বীয় স্বাক্ষরে প্রধান নির্বাচন কর্মকর্তার নিকট আপত্তি উত্থাপন করিতে পারিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন উত্থাপিত আপত্তি সঠিক বলিয়া মনে করিলে, প্রধান নির্বাচন কর্মকর্তা কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত নির্বাচন কর্মকর্তা, প্রয়োজনে সংক্ষিপ্ত তদন্তের পর, ভোটার তালিকায় প্রয়োজনীয় সংশোধন করিতে পারিবেন।

(৫) উপ-বিধি (৪) অনুসারে সংশোধিত ভোটার তালিকা কাউন্সিলের নোটিশ বোর্ডে প্রদর্শিত হইবে এবং উহা চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

(৬) নির্বাচন কর্মকর্তা কর্তৃক নির্ধারিত সময় ও স্থানে ভোটার তালিকা প্রদর্শন করা যাইবে এবং কাউন্সিল কর্তৃক নির্ধারিত ১০০০ (এক) হাজার টাকা পরিশোধ করিয়া নির্বাচন কর্মকর্তার নিকট হইতে ভোটার তালিকা সংগ্রহ করা যাইবে।

৭। **নির্বাচন বিজ্ঞপ্তি**।—(১) ভোটার তালিকা প্রণয়নের পর নির্বাচন বোর্ড নিম্নবর্ণিত টেবিল অনুসারে বহুল প্রচারিত ২ (দুই) টি জাতীয় দৈনিক পত্রিকায় উহা বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করিবে এবং উহার অনুলিপি প্রতিটি স্বীকৃতিপ্রাপ্ত হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করিবার ব্যবস্থা করিবে, যথা:—

| ক্র. নং. | নির্বাচনী কার্যক্রম | তারিখ নির্ধারণের নিয়মাবলি |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | মনোনয়নপত্র দাখিল | বিজ্ঞপ্তি প্রকাশের কমপক্ষে ১৫ (পনেরো) দিন পর হইতে অনধিক ৫ (পাঁচ) দিন ব্যাপী অফিস চলাকালীন। |
| ২। | মনোনয়নপত্র বাছাই | মনোনয়নপত্র দাখিলের শেষ দিন হইতে ৩ (তিন) দিনের মধ্যে নির্দিষ্ট কোনো দিনে ও সময়ে। |
| ৩। | মনোনয়নপত্র প্রত্যাহার | মনোনয়নপত্র বাছাই এর পর ৩ (তিন) দিনের মধ্যে নির্দিষ্ট কোনো দিন পর্যন্ত। |
| ৪। | প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ | মনোনয়নপত্র প্রত্যাহারের ২ (দুই) সপ্তাহের মধ্যে নির্ধারিত কোনো দিন। |
| ৫। | নির্বাচনের তারিখ | প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশের পর কমপক্ষে ১৫ (পনেরো) দিন পরে কোনো তারিখ। |

(২) নির্বাচন বোর্ড, নির্বাচন বিজ্ঞপ্তিতে ভোট গ্রহণের সময় ও স্থান উল্লেখ করিবে।

৮। **মনোনয়নপত্র দাখিল, ইত্যাদি।**—(১) নির্বাচনে কোনো প্রার্থী মনোনয়নের উদ্দেশ্যে মনোনয়নপত্র দাখিলের জন্য ১ (এক) জন প্রস্তাবক, ১ (এক) জন সমর্থক ও মনোনয়ন প্রার্থী **ফরম-ক** এর সংশ্লিষ্ট অংশ যথাযথভাবে পূরণ করিয়া, বিধি ৭ এর উপ-বিধি (১) অনুসারে প্রকাশিত বিজ্ঞপ্তিতে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিবেন।

(২) ১ (এক) জন প্রস্তাবক বা ১ (এক) জন সমর্থক একাধিক প্রার্থীকে প্রস্তাব বা সমর্থন করিতে পারিবেন না।

(৩) উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত মনোনয়নপত্রের সহিত জামানতস্বরূপ ১০০০০ (দশ হাজার) টাকা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আকারে রেজিস্ট্রার বরাবর জমা প্রদানপূর্বক উক্ত ড্রাফট বা পে-অর্ডারের অনুলিপি রিটার্নিং অফিসার এর নিকট দাখিল করিতে হইবে।

(৪) মনোনয়নপত্রের ফরম ১০০০০ (দশ হাজার) টাকা পরিশোধ সাপেক্ষে রিটার্নিং অফিসার কর্তৃক সরবরাহ করা হইবে।

(৫) মনোনয়নপত্র দাখিলের পর রিটার্নিং অফিসার উহার প্রাপ্তি স্বীকারপত্র প্রদান করিবেন।

(৬) মনোনয়নপত্র গ্রহণ করিবার পর রিটার্নিং অফিসার উক্ত পত্রে জমাদানকারীর নাম, জমা দেওয়ার তারিখ ও সময় এবং ক্রমিক নম্বর সন্নিবেশ করিবেন এবং ১ (এক) টি রেজিস্টারে উহা তালিকাভুক্ত করিবেন।

৯। **মনোনয়নপত্র বাছাই।**—(১) বিধি ৭ এর উপ-বিধি (১) অনুসারে প্রকাশিত বিজ্ঞপ্তিতে নির্ধারিত তারিখ ও সময়ে রিটার্নিং অফিসার দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ বাছাই করিবেন।

(২) প্রত্যেক প্রার্থী ও তাহার প্রস্তাবক মনোনয়নপত্র বাছাইয়ের সময় উপস্থিত থাকিতে পারিবেন।

(৩) কোনো মনোনয়নপত্র সম্পর্কে কেহ আপত্তি উত্থাপন করিলে রিটার্নিং অফিসার সংক্ষেপে কারণসহ আপত্তির বিষয়বস্তু এবং তাহার সিদ্ধান্ত মনোনয়নপত্রের উপর লিপিবদ্ধ করিবেন।

(৪) রিটার্নিং অফিসার স্বেচ্ছায় অথবা উপ-বিধি (৩) এর অধীন উত্থাপিত আপত্তির প্রেক্ষিতে প্রয়োজনে সংক্ষিপ্ত অনুসন্ধানের পর কোনো মনোনয়নপত্র বাতিল করিতে পারিবেন, যদি তিনি এই মর্মে সন্তুষ্ট হন যে,—

(ক) প্রার্থী, প্রস্তাবক বা সমর্থকের প্রয়োজনীয় যোগ্যতা নাই; অথবা

(খ) প্রার্থী, সমর্থক বা প্রস্তাবকের স্বাক্ষর তাহাদের নিজেদের নহে।

(৫) রিটার্নিং অফিসার প্রতিটি মনোনয়নপত্রের উপর উহা গৃহীত বা বাতিল করা হইল এই মর্মে সুনির্দিষ্ট সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন এবং কোনো মনোনয়নপত্র বাতিল করা হইলে কারণসহ সংক্ষেপে উহার বিবরণ **ফরম-খ** অনুযায়ী লিপিবদ্ধ করিবেন।

১০। **আপিল।**—(১) বিধি ৯ এর অধীন বাতিলকৃত কোনো মনোনয়নপত্র এর প্রার্থী, সমর্থক বা প্রস্তাবক উক্ত বাতিলকরণের বিরুদ্ধে প্রধান নির্বাচন কর্মকর্তার নিকট উক্ত বাতিলকরণের পরবর্তী ৩ (তিন) দিনের মধ্যে আপিল করিতে পারিবেন।

(২) প্রধান নির্বাচন কর্মকর্তা, প্রয়োজনবোধে সংক্ষিপ্ত তদন্তের পর, দায়েরকৃত আপিলসমূহ, আপিল দায়েরের ৩ (তিন) দিনের মধ্যে, নিষ্পত্তি করিবেন এবং আপিলের সিদ্ধান্ত অবিলম্বে নির্বাচন বোর্ডকে অবহিত করিবেন।

১১। **প্রার্থীতা প্রত্যাহার**।—বিধি ৯ ও ১০ এর বিধান অনুসারে মনোনীত কোনো প্রার্থী বিধি ৭ এর উপ-বিধি (১) অনুসারে প্রকাশিত বিজ্ঞপ্তিতে নির্ধারিত তারিখের মধ্যে তৎকর্তৃক স্বাক্ষরিত ১ (এক) টি লিখিতপত্র উক্ত প্রার্থী নিজে বা এতদুদ্দেশ্যে তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তির মাধ্যমে রিটার্নিং অফিসার এর নিকট দাখিল করিয়া তাহার প্রার্থীতা প্রত্যাহার করিতে পারিবেন।

১২। **প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের তালিকা**।—(১) বিধি ১১ এর অধীন প্রার্থীতা প্রত্যাহারের পর, যদি হয়, রিটার্নিং অফিসার অবশিষ্ট প্রার্থীদের একটি তালিকা প্রস্তুত করিবেন এবং এইরূপ প্রার্থীগণ প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীরূপে চিহ্নিত হইবেন।

(২) রিটার্নিং অফিসার বিভাগওয়ারী প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের পৃথক পৃথক তালিকা প্রস্তুত করিবেন এবং উহা কাউন্সিলের নোটিশ বোর্ডে প্রকাশ করিবেন।

১৩। **প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর প্রাক-নির্বাচন মৃত্যু**।—নির্বাচনের পূর্বে কোনো প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর মৃত্যু হইলে, বিধি ১৪ এর বিধান সাপেক্ষে, অন্যান্য প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের মধ্যে নির্বাচন সীমিত থাকিবে।

১৪। **নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা**।—(১) মনোনয়নপত্র বাছাই এবং প্রার্থীতা প্রত্যাহারের পর যদি কোনো প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী না থাকে, তাহা হইলে রিটার্নিং অফিসার, প্রধান নির্বাচন কর্মকর্তার অনুমতিক্রমে, বিধি ৭ এর পদ্ধতি অনুসরণপূর্বক পুনরায় মনোনয়নপত্র আহ্বান এবং পরবর্তী কার্যক্রম গ্রহণ করিবেন।

(২) মনোনয়নপত্র বাছাই, প্রার্থী পদ প্রত্যাহার ও প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর, প্রাক-নির্বাচন মৃত্যু এর ফলে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর সংখ্যা যদি—

(ক) কোনো বিভাগে মাত্র ১ (এক) জন হয়, তাহা হইলে নির্বাচন বোর্ড তাহার কার্যালয়ের নোটিশ বোর্ডে **ফরম-গ** দ্বারা এই মর্মে ঘোষণা প্রকাশ করিবেন যে, সংশ্লিষ্ট প্রার্থী উক্ত বিভাগের সদস্য হিসাবে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হইয়াছেন এবং উক্ত ঘোষণার ১ (এক) টি অনুলিপি কাউন্সিলের নিকট প্রেরণ করিবেন;

(খ) একাধিক হয়, তাহা হইলে ভোট গ্রহণ অনুষ্ঠিত হইবে।

১৫। **ভোট গ্রহণ**।—নির্বাচন বোর্ড প্রতি বিভাগের জন্য উক্ত বিভাগের প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের নাম সম্বলিত প্রয়োজনীয় সংখ্যক ব্যালটপত্র **ফরম-ঘ** অনুযায়ী ছাপাইবেন।

১৬। **ভোট প্রদান**।—(১) প্রত্যেক ভোটার একটি করিয়া ভোট প্রদান করিতে পারিবেন।

(২) প্রত্যেক ভোটার যে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীকে ভোট দিতে ইচ্ছুক, ব্যালটপত্রে উক্ত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর নামের পার্শ্বে **X** (ক্রস) চিহ্ন প্রদান করিবেন।

(৩) ভোটের জন্য বিভাগভিত্তিক সাদা স্বচ্ছ ব্যালট বাক্স থাকিবে।

(৪) সরাসরি ভোট ১ (এক) দিনে নির্বাচন বোর্ড কর্তৃক নির্ধারিত স্থানে গ্রহণ করা হইবে।

১৭। **ভোট গণনা**।—(১) ভোট গ্রহণের নির্ধারিত তারিখে বিকাল ৪ (চার) টার পর হইতে ভোট গণনা শুরু হইবে এবং গণনা শেষে দ্রুততম সময়ের মধ্যে ফলাফল ঘোষণা করিতে হইবে।

(২) ভোট গণনার কাজে নির্বাচন বোর্ড কাউন্সিলের অন্যান্য কর্মকর্তা বা কর্মচারীদের সহযোগিতা গ্রহণ করিতে পারিবে।

(৩) প্রার্থী বা তৎকর্তৃক লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত ১ (এক) জন প্রতিনিধি ভোট গণনার সময় উপস্থিত থাকিতে পারিবেন।

(৪) নির্বাচন বোর্ড নিম্নবর্ণিত কোনো ব্যালটপত্র বাতিল বলিয়া ঘোষণা করিবে, যদি উহাতে—

(ক) রিটার্নিং অফিসার এর সিল ও স্বাক্ষর না থাকে;

(খ) প্রার্থীর নামের পাশে X (ক্রস) চিহ্ন না থাকে;

(গ) এমনভাবে X (ক্রস) চিহ্ন দেওয়া যে, কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীকে ভোট প্রদান করা হইয়াছে উহা নির্ণয় করা সম্ভব নহে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন বাতিলকৃত ব্যালটপত্র ব্যতিরেকে অন্যান্য ব্যালটপত্র বৈধ বলিয়া বিবেচিত হইবে এবং উহাদের গণনার ভিত্তিতে প্রতিটি বিভাগের সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী নির্ধারিত হইবে।

(৬) সর্বোচ্চ সমান সংখ্যক ভোটপ্রাপ্ত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর সংখ্যা একাধিক হইলে, রিটার্নিং অফিসার তৎক্ষণাৎ লটারির ব্যবস্থা করিবেন এবং লটারির মাধ্যমে তাহাদের মধ্যে ১ (এক) জনকে সর্বোচ্চ ভোটপ্রাপ্ত বলিয়া নির্ধারণ করিবেন এবং অনুরূপ লটারি ও উহার ফলাফল **ফরম-ঙ** অনুযায়ী লিপিবদ্ধ করিয়া উহার ১ (এক) টি অনুলিপি কাউন্সিলের নিকট প্রেরণ করিবেন।

১৮। **নির্বাচন সংক্রান্ত নথিপত্র ও বিবরণাদি।**—(১) ভোট গণনার পর নির্বাচন বোর্ড নির্বাচনের নথিপত্র, দলিলাদি ও বিবরণাদি পৃথক পৃথক মোড়কে সংরক্ষণ করিয়া উক্ত মোড়ক সিলমোহরকৃত করিবেন, যথা :—

(ক) বৈধ ব্যালটপত্রসমূহ;

(খ) বিধি ১৭ এর উপ-বিধি (৪) এর অধীন বাতিলকৃত ব্যালটপত্রসমূহ;

(গ) **ফরম-ঙ** এ বর্ণিত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণ কর্তৃক প্রাপ্ত ভোটের বিবরণী এবং বিধি ১৭ এর উপ-বিধি (৬) এর অধীন লটারি হইলে উহার বিবরণী;

(ঘ) মুড়িসমেত অব্যবহৃত ব্যালটপত্রসমূহ;

(ঙ) ব্যবহৃত ব্যালটপত্রের মুড়ি; এবং

(চ) চিহ্নিত ভোটার তালিকা।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত মোড়ক ও বিবরণীতে রিটার্নিং অফিসার নিজে দস্তখত করিবেন ও প্রার্থী বা তাহার প্রতিনিধির দস্তখত গ্রহণ করিবেন।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত মোড়ক ও বিবরণী ছাড়াও **ফরম-চ** অনুযায়ী রিটার্নিং অফিসার ব্যালটপত্রের একটি হিসাব রাখিবেন।

(৪) উপ-বিধি (১), (২) ও (৩) এর অধীন প্রস্তুতকৃত মোড়ক ও বিবরণীসমূহ নির্বাচন বোর্ড কাউন্সিলের চেয়ারম্যানের নিকট প্রেরণ করিবেন।

১৯। **নির্বাচনের ফলাফল।**—বিধি ১৮ এর অধীন নির্বাচন সংক্রান্ত নথিপত্র ও বিবরণাদি প্রাপ্তির পর, চেয়ারম্যান সংশ্লিষ্ট বিভাগের সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীকে নির্বাচিত ঘোষণা করিয়া **ফরম-ছ** অনুযায়ী নির্বাচিত প্রার্থীর নাম সংক্রান্ত একটি ঘোষণা কাউন্সিলের নোটিশ বোর্ডে প্রকাশ করিবার ব্যবস্থা করিবেন।

২০। **নির্বাচনী আবেদন**।—(১) বিধি ১৯ এর অধীন নির্বাচনের ফলাফল ঘোষণার ১০ (দশ) দিনের মধ্যে যে কোনো প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী উক্ত ফলাফলের বৈধতা সম্পর্কে প্রশ্ন উত্থাপন করিয়া প্রধান নির্বাচন কর্মকর্তা এর নিকট আপিল করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন দায়েরকৃত আপিল আবেদনে সংক্ষেপে উক্ত প্রশ্ন উত্থাপন করিবার কারণসমূহ লিপিবদ্ধ করিতে হইবে।

(৩) প্রধান নির্বাচন কর্মকর্তা আবেদনকারী ও রিটার্নিং অফিসারকে শুনানির সুযোগ দিবেন এবং প্রয়োজনে সাক্ষ্য গ্রহণ করিয়া নির্বাচন কমিশনারগণের সহিত আলোচনাক্রমে কোনো নির্বাচনের ফলাফল সম্পূর্ণ বা আংশিক বহাল অথবা বাতিল করিতে পারিবেন এবং তাহার সিদ্ধান্ত গ্রহণের কারণ সংক্ষেপে লিপিবদ্ধ করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন কোনো নির্বাচন বাতিল বলিয়া ঘোষিত হইলে, এই বিধিমালার বিধান মোতাবেক নূতনভাবে নির্বাচন অনুষ্ঠিত হইবে।

২১। **উপ-নির্বাচন**।—(১) কোনো সদস্যের পদ শূন্য হইলে, শূন্য হইবার ৯০ (নব্বই) দিনের মধ্যে উক্ত পদের জন্য উপ-নির্বাচন অনুষ্ঠিত হইবে।

(২) উপ-নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে, নির্বাচনের জন্য এই বিধিমালার যে বিধানাবলি প্রযোজ্য হয় সে সকল বিধান প্রযোজ্য হইবে।

২২। **জামানতের অর্থ বাজেয়াপ্ত**।—যে কোনো বিভাগে প্রদত্ত মোট ভোটের শতকরা ১০ (দশ) ভাগ ভোট কোনো প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী পাইতে ব্যর্থ হইলে তাহার জামানতের টাকা বাজেয়াপ্ত করা হইবে।

২৩। **নির্বাচনী নথিপত্র বিনষ্টকরণ**।—বিধি ১৮ এর উপ বিধি (৪) এর অধীন চেয়ারম্যানের নিকট প্রেরিত সকল কাগজাদি ও বিবরণী নির্বাচনের দিন হইতে ১ (এক) বৎসর পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত সময় অতিক্রান্তের পর উহা বিনষ্ট করা যাইবে।

২৪। **রহিতকরণ ও হেফাজত**।—(১) হোমিওপ্যাথগণের নিবন্ধন ও বোর্ড সদস্য নির্বাচন বিধিমালা, ১৯৮৭, অতঃপর "আংশিক রহিত বিধিমালা" বলিয়া উল্লিখিত, এর বোর্ড সদস্য নির্বাচন সংক্রান্ত তৃতীয় খণ্ড এবং ফরম-"ঙ", ফরম-"চ", ফরম-"ছ", ফরম-"জ", ফরম-"ঝ" ও ফরম-"ঞ" এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, আংশিক রহিত বিধিমালার অধীন—

(ক) কৃত কোনো কার্য, গৃহীত কোনো ব্যবস্থা বা নির্বাচন, প্রদত্ত কোনো আদেশ, জারীকৃত কোনো নোটিশ বা দাখিলকৃত কোনো আবেদন, এই বিধিমালার কোনো বিধানাবলির সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন কৃত, গৃহীত, প্রদত্ত জারীকৃত ও দাখিলকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) কোনো কার্যক্রম অনিষ্পন্ন বা চলমান থাকিলে, যতদূর সম্ভব, উহা এই বিধিমালার অধীন এইরূপভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত বিধিমালা রহিত হয় নাই।

**ফরম-ক**

**সদস্য নির্বাচনের মনোনয়নপত্র**

[বিধি ৮ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য]

**প্রস্তাবক কর্তৃক পূরণযোগ্য**

১। আমি (প্রস্তাবকের নাম)...................................... পিতা.......................... ঢাকা/খুলনা/রাজশাহী/চট্টগ্রাম/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ বিভাগের ভোটার তালিকার ........ নম্বর ভোটার.................... হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও উক্ত বিভাগের ভোটার তালিকার.............. নং ভোটার জনাব/বেগম ............................................. পিতা.......................গ্রাম(স্থায়ী ঠিকানা).............................ডাকঘর.......................... উপজেলা.................... জেলা.............. কে বোর্ডের সদস্যপদের প্রার্থী হিসাবে প্রস্তাব করিতেছি।

২। আমি অন্য কোনো মনোনয়নপত্রে প্রস্তাবক বা সমর্থক হিসাবে স্বাক্ষর করি নাই।

..................

প্রস্তাবকের নাম ও স্বাক্ষর

**সমর্থক কর্তৃক পূরণযোগ্য**

১। আমি (সমর্থকের নাম)..................................... পিতা.......................................... ঢাকা/খুলনা/রাজশাহী/চট্টগ্রাম/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ বিভাগের ভোটার তালিকার ........ নম্বর ভোটার............... হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও নির্বাচনী এলাকার ভোটার তালিকার ............................... নং ভোটার জনাব/বেগম ................................... পিতা......................... গ্রাম (স্থায়ী ঠিকানা)........................... ডাকঘর ......................... উপজেলা................... জেলা...............কে বোর্ডের সদস্যপদের প্রার্থী হিসাবে সমর্থন করিতেছি।

২। আমি অন্য কোনো মনোনয়নপত্রে প্রস্তাবক বা সমর্থক হিসাবে স্বাক্ষর করি নাই।

..................

সমর্থকের নাম ও স্বাক্ষর

**প্রার্থীর ঘোষণা**

আমি ..........................................................................................................

পিতা..........................................................................................................

মাতা..........................................................................................................

গ্রাম....................................................... ডাকঘর................................................

উপজেলা.................................................. জেলা..................................................

বিভাগ.................................................... এবং..................................................

হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ঢাকা/খুলনা/রাজশাহী/চট্টগ্রাম/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ বিভাগের ভোটার তালিকায়.................. নম্বর ভোটার এবং আমি ঘোষণা করিতেছি যে আমি উল্লিখিত প্রস্তাবে সম্মতি দিয়াছি।

……………..

প্রার্থীর নাম ও স্বাক্ষর

**ফরম-খ**

**মনোনয়নপত্র বাছাই এর বিবরণী**

[বিধি ৯ এর উপ-বিধি (৫) দ্রষ্টব্য]

**রিটার্নিং অফিসার কর্তৃক পূরণযোগ্য**

(ক) মনোনয়নের বিরুদ্ধে আপত্তি থাকিলে তাহার কারণসহ সংক্ষিপ্ত বিবরণ:

(খ) মনোনয়নপত্র বাতিল হইলে তাহার কারণসহ সংক্ষিপ্ত বিবরণ:

(গ) মনোনয়নপত্র বাতিলকরণ বা গ্রহণ সম্পর্কে গৃহীত সিদ্ধান্তের কারণ:

.................................

রিটার্নিং অফিসারের নাম, স্বাক্ষর ও সিল

তারিখ:.............

**ফরম-গ**

**বিনা প্রতিদ্বন্দ্বিতায় সদস্য হিসাবে নির্বাচিত হওয়ার ঘোষণা**

[বিধি ১৪ এর উপ-বিধি (২) এর দফা (ক) দ্রষ্টব্য]

১। বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত প্রার্থীর নাম..................................................................

২। নির্বাচিত প্রার্থীর ঠিকানা...........................................................................................

৩। সংশ্লিষ্ট ভোটার তালিকায় নির্বাচিত প্রার্থীর ক্রমিক নম্বর..................................................

এতদ্দ্বারা ঘোষণা করা যাইতেছে যে, উপরিউক্ত প্রার্থী................................................ বিভাগ হইতে কাউন্সিল সদস্য হিসাবে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হইয়াছেন।

................................................

তারিখ:............................ প্রধান নির্বাচন কর্মকর্তার নাম, স্বাক্ষর ও সিল

**অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:**

১।...................................

২।...................................

.................................................

প্রধান নির্বাচন কর্মকর্তার নাম, স্বাক্ষর ও সিল

তারিখ:...............

**ফরম-ঘ**

**প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণের নাম সম্বলিত ব্যালটপত্র**

[বিধি ১৫ দ্রষ্টব্য]

**ব্যালটপত্র**

ক্রমিক নং.................................

বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল এর সদস্য নির্বাচন

বিভাগ....................................

ব্যালট বহি নম্বর.........................

ভোটার নম্বর............................

.............................

রিটার্নিং অফিসার এর নাম,

স্বাক্ষর ও সিল

ক্রমিক নং.....................................

বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল এর সদস্য নির্বাচন

বিভাগ..........................................

.......................

রিটার্নিং অফিসার এর নাম,

স্বাক্ষর ও সিল

| **ক্রমিক নম্বর** | **প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর নাম** | **ভোট প্রদানের X (ক্রস) চিহ্ন** |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |
| ৩। | | |
| ৪। | | |
| ৫। | | |

**ফরম-ঙ**

**ভোট বিবরণী**

[বিধি ১৭ এর উপ-বিধি (৬) এবং বিধি ১৮ এর উপ-বিধি (১) এর দফা (গ) দ্রষ্টব্য]

**সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণের ভোট বিবরণী**

১। বিভাগের নাম……………………………………………………………

| ক্র. নং. | প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর নাম | প্রাপ্ত ভোটের সংখ্যা |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |
| ৩। | | |
| ৪। | | |
| ৫। | | |

২। সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর সংখ্যা একাধিক হইলে, লটারিতে বিজয়ী প্রার্থীর নাম:………………………………………………………………।

……………………………

তারিখ:………………………

রিটার্নিং অফিসার এর নাম, স্বাক্ষর ও সিল

উপস্থিত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণের প্রতিনিধির স্বাক্ষর

(১)……………………………………

(২)……………………………………

(৩)……………………………………

(৪)……………………………………

(৫)……………………………………

**ফরম-চ**

**ব্যালটপত্রের হিসাব**

[বিধি ১৮ এর উপ-বিধি (৩) দ্রষ্টব্য]

বিভাগের নাম..............................................................।

১। ব্যালটপত্রের সংখ্যা ও ক্রমিক নম্বর..............................................।

২। ভোটারকে সরবরাহ করা হয় নাই এইরূপ ব্যালটপত্রের সংখ্যা ও ক্রমিক নম্বর.................।

৩। ভোটারকে সরবরাহকৃত ব্যালটপত্রের সংখ্যা......................................।

৪। বিভিন্নভাবে বাতিলকৃত ব্যালটপত্রের সংখ্যা......................................।

৫। জমাকৃত মোট ব্যালটপত্রের সংখ্যা...............................................।

৬। গণনার সময় বৈধ ও অবৈধ ভোট হিসাবে গণ্য ব্যালটপত্রের সংখ্যা.....................।

..................................

তারিখ: .........................

রিটার্নিং অফিসার এর নাম, স্বাক্ষর ও সিল

**ফরম-ছ**

**নির্বাচিত প্রার্থীর নাম সম্বলিত ঘোষণা**

[বিধি ১৯ দ্রষ্টব্য]

| ক্রমিক নম্বর | বিভাগের নাম | নির্বাচিত প্রার্থীর নাম ও ঠিকানা | মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |
| ৪। | | | |

এতদ্দ্বারা ঘোষণা করা যাইতেছে যে, উল্লিখিত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণ তাহাদের স্বীয় নামের বিপরীতে উল্লিখিত বিভাগ হইতে কাউন্সিলের নির্বাহী পরিষদের সদস্য হিসাবে নির্বাচিত হইয়াছেন।

..................................

তারিখ:.................... রিটার্নিং অফিসার এর নাম, স্বাক্ষর ও সিল

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইদুর রহমান**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd